# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## যুক্তিবিদ্যা প্রথম পত্র: সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ২ | ১ |

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

**১.▶** নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

দার্শনিক এরিস্টটল

↓

মধ্যযুগীয় তার্কিক সম্প্রদায়

↓

আধুনিক তার্কিক সম্প্রদায়

↓

যুক্তিবিদ্যার বিকশিত অবস্থা

ক. যুক্তিবিদ্যার সংজ্ঞা দাও। ১

খ. যুক্তিবিদ্যা কী মানুষকে যুক্তি প্রণয়ন করতে শেখায়? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যমান ছকটিতে যুক্তিবিদ্যার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত দিকটি পর্যালোচনা করলে বলা যায়, এরিস্টটল যুক্তিবিদ্যার জনক'- বক্তব্যটির সত্যতা নিরূপণ কর। ৪

**২.▶** শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে ছাত্রছাত্রীদের উদ্দেশ্য করে বলেন, আজ আমরা প্রথমত এমন একটি বিষয় নিয়ে আলোচনা করব যা জীবন ও জগতের সাথে সম্পর্কযুক্ত সত্য-মিথ্যা এবং বৈধতা-অবৈধতা নিয়ে আলোচনা করে। দ্বিতীয়ত এ বিষয়টির সাথে সৌন্দর্য ও রুচিবোধের বিষয়টিও জড়িত।

ক. দর্শনের আওতাভুক্ত বিষয়গুলো কী কী? ১

খ. 'Education' শব্দটি কীভাবে এসেছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রথমত যে বিষয়টির ইঙ্গিত রয়েছে তার ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে তোমার পাঠ্যপুস্তকের যে দুটি বিষয়ের ইঙ্গিত রয়েছে তাদের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য তুলনামূলকভাবে বিশ্লেষণ কর। ৪

teachingbd.com

৩. ▶ রিপন ও স্বপন স্কলার্সহোম কলেজের মানবিক বিভাগের ছাত্র। একদিন যুক্তিবিদ্যা ক্লাসে স্যার ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ নিয়ে আলোচনা করছিলেন, আলোচনার মধ্যে রিপন খাতায় ব্যক্ত্যর্থ বাড়লে জাত্যর্থ কমে, লিখে স্যারকে দেখাল এবং বলল, সবক্ষেত্রেই কি ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ সমানুপাতিক হারে বাড়ে ও কমে? উত্তরে স্যার বললেন, সকল ক্ষেত্রে ব্যক্ত্যর্থ ও জাত্যর্থের হ্রাস বৃদ্ধি সমান হয় না, এতে কিছু অপূর্ণতা বা সীমাবদ্ধতা রয়েছে। মূলত হ্রাসবৃদ্ধির নিয়মটি একটি কাল্পনিক ধারণার উপর প্রতিষ্ঠিত?


ক. জাত্যর্থ কী? ১

খ. ব্যক্ত্যর্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়মটি দেখাও। ২

গ. 'ব্যক্ত্যর্থ বাড়লে জাত্যর্থ কমে'— রিপনের উক্তিটি চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ব্যক্ত্যর্থ ও জাত্যর্থের হ্রাস-বৃদ্ধির নিয়মটির মধ্যে অপূর্ণতা বা সীমাবদ্ধতা রয়েছে'— স্যারের মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪. ▶ নিচের ছকটি লক্ষ করে প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. বিধেয়ক কী? ১

খ. বিধেয় ও বিধেয়কের মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. ছকে মানুষের আসন্নতম জাতি কে? এই আলোকে জাতির সাথে উপজাতির সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উপলক্ষণ ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৫.► শ্রেণিকক্ষে শিল্পী ম্যাডাম ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে কারণের গুণগত লক্ষণ নিয়ে আলোচনা করছিলেন। ইরাদ ম্যাডামকে প্রশ্ন করল, কারণকে কোনো কার্যের পূর্ববর্তী ঘটনা বলা হয়। উত্তরে ম্যাডাম বললেন, কোনো ঘটনা যখন ঘটে, তখন তার আগে কোনো না কোনো কারণ থাকে। কারণ শুধু কার্যের পূর্ববর্তী ঘটনাই নয়, এটি সাক্ষাৎ শর্তহীন অপরিবর্তনীয় পূর্ববর্তী ঘটনা।

ক. কারণ কী? ১

খ. কারণ ও শর্তের মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. কারণ কার্যের অপরিবর্তনীয় পূর্ববর্তী ঘটনা'— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে কারণের গুণগত লক্ষণসমূহ বিশ্লেষণ কর। ৪

৬.► নিয়াজ যুক্তিবিদ্যার বইটি খুলে অষ্টম অধ্যায়ের প্রতীকী যুক্তিবিদ্যায় পাঁচ শ্রেণির বচনের প্রতীকী যোজকগুলো মনে রাখার চেষ্টা করছিল। এমন সময় তার ছোট ভাই নাভিন এসে সেগুলো দেখে বলে উঠে, তোমার বইয়ের এই আঁকাবাকা চিত্রগুলো কী কাজে আসে? নিয়াজ উত্তর দেয়, এগুলো চিত্র নয়, বিভিন্ন শ্রেণির বাক্যের মধ্যকার যৌক্তিক সংযোগ প্রতীক।

ক. প্রতীক কী? ১

খ. সরল বাক্য ও যৌগিক বাক্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে প্রতীকী যোজকগুলো নামসহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে প্রাকল্পিক বচনে সত্য সারণির ছক অঙ্কন করে বিশ্লেষণ কর। ৪

৭.► A — সকল কবি হন লেখক

A — সকল কবি হন মানুষ

∴ I — কিছু মানুষ হন লেখক

| প্রতীকী উদাহরণ | রেখা চিহ্ন |
|---|---|
| All M is P | M ——————— P |
| All M is S | M ——————— S |
| ∴ Some S is P | ∴ S ——————— P |

ক. এরিস্টটলের সহানুমানের সূত্রটি কী? ১

খ. অব্যাপ্য মধ্যপদ জনিত অনুপপত্তি ব্যাখ্যা কর। ২

গ. চিত্রটির দ্বারা কী বোঝানো হয়েছে? তার ১ম দুইটি বৈধ রূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টির বিশেষ দুটি নিয়ম প্রমাণসহ বিশ্লেষণ কর। ৪

৮.► অনুমান হলো জ্ঞানার্জনের একটি গুরুত্বপূর্ণ উৎস। আশ্রয়বাক্য, সিদ্ধান্তের প্রকৃতি এবং সিদ্ধান্ত প্রতিষ্ঠার ক্ষেত্রে অনুমানকে প্রধানত অবরোহ অনুমান ও আরোহ অনুমান এ দু'ভাগে বিভক্ত করা হয়। অবরোহ অনুমানের লক্ষ্য হলো

teachingbd.com

আকারগত সত্যতা অর্জন করা। আর আরোহ অনুমানের লক্ষ্য হলো আকারগত ও বস্তুগত উভয় প্রকার সত্যতা নিরূপণ করা।

ক. অনুমানের সংজ্ঞা দাও। ১
খ. অনুমানের দুইটি বৈশিষ্ট্যের বর্ণনা দাও। ২
গ. অবরোহ অনুমানের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. অবরোহ ও আরোহ অনুমানের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ নিচের উদাহরণটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

A — সকল দার্শনিক হন প্রজ্ঞাবান
∴ A — সকল প্রজ্ঞাবান হন দার্শনিক

ক. O যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ কী? ১
খ. I যুক্তিবাক্যের আবর্তিত প্রতিবর্তন সম্ভব নয় কেন? ২
গ. উদ্দীপকে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত উদাহরণের কি সরল আবর্তন সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১০.** ▶ ২০১৪ সালে স্কলার্সহোম কলেজ থেকে এইচ.এস.সি পাশ করে জুনেদ সেনাবাহিনীতে যোগ দেয়। সেখানে প্রতিটি ক্ষেত্রেই তাকে নিয়ম মেনে চলতে হয়। কোনো কারণে নিয়ম না মেনে চললে তাকে শাস্তি ভোগ করতে হয়। একইভাবে যুক্তি প্রদানেরও অনেক নিয়ম আছে। নিয়ম জেনে বুঝে এরপর যুক্তিবাক্যের ব্যবহার করতে হয়।

ক. যুক্তিবাক্যের অংশ কয়টি? ১
খ. পদযোগ্য শব্দ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যুক্তিবাক্যে পদের কোন দিকটির প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পদের ঐ দিকটি A, E, I, O বাক্যের ক্ষেত্রে বিশ্লেষণ কর। ৪

**১১.** ▶ এমন কিছু তত্ত্ব আছে যেগুলো গবেষণাগারে সবসময় পরীক্ষা করা যায় না। এর জন্য প্রকৃতির ওপর নির্ভর করতে হয়। প্রাকৃতিক এবং কৃত্রিম দুভাবেই আমরা কোন তত্ত্বের বিশুদ্ধতা যাচাই করতে পারি। বিষয় দুটির মধ্যে গুণগত পার্থক্য না থাকলেও তাদের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য রয়েছে।

ক. বহুকারণ সমন্বয় কী? ১
খ. সমজাতীয় কার্য সংমিশ্রণ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ইঙ্গিতকৃত বিষয় দুটির মধ্যকার বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকের বিষয় দুটির মধ্যে গুণগত কোনো পার্থক্য নেই— বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# বিষয় ঃ যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড: ১ ২ ১

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. অবরোহ অনুমানের সিদ্ধান্ত কোনো সময়ই আশ্রয়বাক্য থেকে—
ⓚ কম ব্যাপক নয়
ⓚ সমান ব্যাপক নয়
ⓖ বেশি ব্যাপক নয়
ⓖ সংকীর্ণতর নয়

২. অমাধ্যম অনুমানের সিদ্ধান্ত কয়টি যুক্তিবাক্য থেকে অনুমিত হয়?
ⓚ দু'টি ⓚ একটি
ⓖ একাধিক ⓖ বহু

৩. আরোহ অনুমানে অনুমানের গতি কেমন?
ⓚ নিম্নমুখী ⓚ সমমুখী
ⓖ ঊর্ধ্বমুখী ⓖ পশ্চাৎমুখী

৪. প্রতিবর্তনের সিদ্ধান্তের বিধেয় হবে আশ্রয়বাক্যের বিধেয়ের—
ⓚ বিপরীত পদ ⓚ বিরুদ্ধ পদ
ⓖ সমার্থক পদ ⓖ একই পদ

৫. আবর্তনীয়ের কোন অব্যাপ্য পদকে আবর্তিতে—
i. ব্যাপ্য করা যাবে
ii. ব্যাপ্য করা যাবে না
iii. অব্যাপ্য করা যাবে না
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i ও iii

৬. সহানুমানে সিদ্ধান্তের উদ্দেশ্য পদটির নাম কী?
ⓚ প্রধান পদ ⓚ প্রান্ত পদ
ⓖ অপ্রধান পদ ⓖ মধ্য পদ

৭. সহানুমানে যে পদটি উভয় আশ্রয় বাক্যে থাকে তাকে বলা হয়—
ⓚ প্রধান পদ ⓚ প্রান্ত পদ
ⓖ অপ্রধান পদ ⓖ মধ্য পদ

৮. আরোহ অনুমানের সিদ্ধান্ত একটি— যুক্তিবাক্য।
ⓚ বিশেষ ⓚ বিশিষ্ট
ⓖ সার্বিক ⓖ প্রাকল্পিক

৯. আরোহ অনুমানের মূল লক্ষ্য হচ্ছে— সত্যতাকে অর্জন করা।
ⓚ আকারগত
ⓚ বস্তুগত
ⓖ বৈজ্ঞানিক
ⓖ লৌকিক

১০. নিরীক্ষণ আরোহ অনুমানের কেমন ভিত্তি?
i. আকারগত
ii. বস্তুগত
iii. বৈজ্ঞানিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i ও iii

১১. যদি তুমি পড়াশুনা কর, তবে তুমি পাস করবে। এটি কোন বাক্য?
ⓚ সরল বাক্য
ⓚ নিরপেক্ষ বাক্য
ⓖ প্রাকল্পিক বাক্য
ⓖ বৈকল্পিক বাক্য

১২. লোকটি হয় সৎ, না হয় নির্বোধ। এটি কোন বাক্য?
ⓚ সমমানিক ⓚ নিরপেক্ষ বাক্য
ⓖ প্রাকল্পিক বাক্য ⓖ বৈকল্পিক বাক্য

১৩. করিম মেধাবী এবং রহিম মূর্খ। এটি কোন বাক্য?
ⓚ প্রাকল্পিক ⓚ বৈকল্পিক
ⓖ নিষেধক ⓖ সংযৌগিক

১৪. এটা সত্য নয় যে রিটন পরিশ্রমি। এটা কোন বাক্য?
ⓚ প্রাকল্পিক ⓚ বৈকল্পিক
ⓖ নিষেধক ⓖ সংযৌগিক

Teachingbd.com

http://teachingbd.com

১৫. Logic শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

ⓚ ল্যাটিন ⓚh গ্রিক

ⓖ ইংরেজি ⓖh জার্মানি

১৬. যৌক্তিক অনুমানের লক্ষ্য হলো—

ⓚ জ্ঞানকে অর্জন করা

ⓚh সত্যকে বর্জন করা

ⓖ মঙ্গলকে অর্জন করা

ⓖh বিদ্যাকে অর্জন করা

১৭. যুক্তিবিদ্যা হচ্ছে ভাষায় প্রকাশিত—

ⓚ কল্পনার বিজ্ঞান

ⓚh চিন্তার বিজ্ঞান

ⓖ যুক্তির বিজ্ঞান

ⓖh অনুমানের বিজ্ঞান

১৮. মনোবিজ্ঞান একটি—

ⓚ তত্ত্বমূলক বিজ্ঞান

ⓚh ব্যবহারিক বিজ্ঞান

ⓖ আদর্শমূলক বিজ্ঞান

ⓖh প্রাকৃতিক বিজ্ঞান

১৯. নীতিবিদ্যায় আদর্শ হচ্ছে—

ⓚ সত্য ⓚh সুন্দর

ⓖ মঙ্গল ⓖh নৈতিকতা

২০. নীতিবিদ্যা সমাজে বসবাসকারী মানুষের— সম্পর্কিত বিজ্ঞান।

ⓚ শিক্ষা

ⓚh আচরণ

ⓖ স্বাস্থ্য ⓖh পরিবেশ

২১. যুক্তিবিদ্যা একটি — মার্জিত ব্যায়াম।

ⓚ শারীরিক

ⓚh মানসিক

ⓖ বুদ্ধিগত

ⓖh ইন্দ্রিয়গত

২২. গণিতে আলোচ্য বিষয় কী?

i. সংখ্যা ii. পরিমাণ

iii. যুক্তি

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚh ii

ⓖ iii ⓖh i ও ii

২৩. দর্শন ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ অতিক্রম করে — সত্তার জগতে প্রবেশ করে।

ⓚ দৃশ্যমান ⓚh বাস্তব

ⓖ অতিন্দ্রিয় ⓖh ঐশ্বরিক

২৪. 'Terminus' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

ⓚ গ্রিক ⓚh রোমান

ⓖ ল্যাটিন ⓖh ফরাসি

২৫. যে পদটি একটি মাত্র শব্দ দ্বারা গঠিত তাকে বলে—

ⓚ বিশিষ্ট পদ ⓚh সরল পদ

ⓖ যৌগিক পদ ⓖh সাধারণ পদ

২৬. সত্যতা পদটি একটি—

ⓚ বস্তুবাচক পদ

ⓚh সমষ্টিবাচক পদ

ⓖ গুণবাচক পদ

ⓖh জ্ঞাত্যর্থক পদ

২৭. নামবাচক পদগুলো হচ্ছে—

ⓚ অজাত্যর্থক পদ

ⓚh জ্ঞাত্যর্থক পদ

ⓖ অর্থপূর্ণ পদ

ⓖh গুণ-নির্দেশক পদ

২৮. বঙ্গবন্ধু পদটি একটি — বিশিষ্ট পদ।

ⓚ অর্থপূর্ণ

ⓚh অর্থহীন

ⓖ তাৎপর্যপূর্ণ

ⓖh তাৎপর্যহীন

২৯. যুক্তিবিদ মিল এর মতে নামবাচক পদগুলো—

ⓚ অজাত্যর্থক পদ

ⓚh জ্ঞাত্যর্থক পদ

ⓖ অর্থপূর্ণ পদ

ⓖh তাৎপর্যপূর্ণ

৩০. নিম্নের পদগুলোর মধ্যে কোনটি গুণবাচক পদ?

ⓚ ছাত্র ⓚh বিদ্যালয়

ⓖ বন্ধু ⓖh সত্যবাদিতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com